

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭

স্মারক নং বাকাশিবো/ক(ভোকঃ)/২০১২/৪৯৮২

তারিখ: ২৩-০১-২০১৩ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, এসএসসি(ভোকেশনাল) শিক্ষাক্রমের বাংলা, ইংরেজি, গণিত, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, কম্পিউটার এ্যাপ্লিকেশন, ইঞ্জিনিয়ারিং ড্রইং, আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ, শারীরিক শিক্ষা স্বাস্থ্য বিজ্ঞান এবং খেলাধুলা, ধর্ম ও নৈতিক শিক্ষা, উচ্চতর গণিত, হিসাব বিজ্ঞান, ভূগোল ও পরিবেশ, কৃষি শিক্ষা বিষয়ের সিলেবাস পরিমার্জন করা হয়েছে যা ২০১৩ শিক্ষাবর্ষ হতে কার্যকর হবে। নতুন সিলেবাস এতদসঙ্গে অবগতির জন্য প্রকাশ করা হল।


সংযুক্ত: বর্ণিত বিষয়ের সিলেবাস।

স্বাক্ষরিত  
পরিচালক (কারিকুলাম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
তারিখ: ২৩-০১-২০১৩ খ্রিঃ

স্মারক নং বাকাশিবো/ক(ভোকঃ)/২০১২/৪৯৮২(১৮০০১)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল:

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আর্কষণ: যুগ্ম সচিব (কারিগরি ও মাদ্রাসা)।
- ২। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
- ৩-৮। উপাচার্য/রেজিস্ট্রার, ঢাকা/জাহাঙ্গীর নগর/জগন্নাথ/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা বিশ্ববিদ্যালয়।
- ৯। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ১০। উপাচার্য, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ১১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ১২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ১৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ১৪-২০। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ডঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/বরিশাল/সিলেট।
- ২১। চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২২-২৭। ডীন, বিজনেস স্টাডিজ অনুষদ, ঢাকা/জাহাঙ্গীর নগর/জগন্নাথ/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা বিশ্ববিদ্যালয়।
- ২৮। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২৯-১৭৪০। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক,.....।
- ১৭৪১-১৭৯৯। জনাব,.....।
- ১৮০০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৮০১। নথি।

  
(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)  
বিশেষজ্ঞ (ভোকেশনাল)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম  
প্রবিধান-২০১৩ ও সাধারণ বিষয়ের পাঠ্যসূচি  
নবম ও দশম শ্রেণি

সাধারণ শিক্ষা ও ভোকেশনাল শিক্ষার সমন্বয়ে শিক্ষিত দক্ষ জনসম্পদ  
সৃষ্টির লক্ষ্যে ১৯৯৫ সন হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক  
প্রবর্তিত



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম

প্রবিধান- ২০১৩

## ১.০ নাম ও মেয়াদ

- ১.১ সাধারণ শিক্ষা ও ভোকেশনাল শিক্ষা সমন্বিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীনে পরিচালিত মাধ্যমিক পর্যায়ে এ শিক্ষাক্রমের নাম হবে এসএসসি (ভোকেশনাল)।
- ১.২ এ শিক্ষাক্রমের আওতাধীন পরিশিষ্ট-ক তে বর্ণিত ট্রেডসমূহ নির্ধারিত থাকবে।
- ১.৩ এ শিক্ষাক্রমের মেয়াদ হবে দু'বছর, যা নবম ও দশম শ্রেণিতে বাস্তবায়ন করা হবে।
- ১.৪ এ শিক্ষাক্রমে প্রতি বর্ষের প্রাতিষ্ঠানিক শিক্ষা সময়কাল হবে ৩৬ কার্য সপ্তাহ এবং প্রতি সপ্তাহ হবে ৬ দিনের, প্রতি সপ্তাহে সর্বোচ্চ ৪৮ পিরিয়ড ক্লাস অনুষ্ঠিত হবে। প্রতি তাত্ত্বিক ও ব্যবহারিক পিরিয়ডের মেয়াদকাল হবে ৪৫ মিনিট, তবে ট্রেড বিষয়ের ব্যবহারিক ক্লাশ তিন পিরিয়ড একত্রে এবং অন্যান্য ব্যবহারিক ক্লাশ দুই পিরিয়ড একত্রে একটি ক্লাশ হবে। প্রতি শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার পর শিক্ষার্থীদেরকে ৬(ছয়) সপ্তাহ মেয়াদি সংশ্লিষ্ট ট্রেডে কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ (ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং) গ্রহণ করতে হবে। বাস্তব প্রশিক্ষণ একটি বিষয় হিসেবে গণ্য হবে।

## ২.০ কাঠামো

### ২.১ নবম শ্রেণির বিষয়সমূহ এবং এর সাপ্তাহিক পিরিয়ড ও নম্বর বিন্যাস:

ক্র: নং	বিষয় ও কোড		পিরিয়ড ও নম্বর বিন্যাস			নম্বর বিন্যাস				মোট		
			পিরিয়ড			তত্ত্বীয়		ব্যবহারিক				
			তত্ত্বীয়	ব্যবহারিক	মোট	ধা: মূ:	চূ: মূ:	ধা: মূ:	চূ: মূ:			
আবশ্যিক	১	বাংলা-১	১৯১১	৩	০	৩	৪০	৬০	০	০	১০০	
	২	ইংরেজি-১	১৯১২	৩	০	৩	৪০	৬০	০	০	১০০	
	৩	গণিত-১	১৯১৩	৩	০	৩	৪০	৬০	০	০	১০০	
	৪	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়-১	১৯১৪	২	০	২	৪০	৬০	০	০	১০০	
	৫	পদার্থ বিজ্ঞান-১ (*১)	১৯১৫	২	২	৬	২০	৩০	১২	১৩	৭৫	
	৬	রসায়ন বিজ্ঞান-১ (*১)	১৯১৬	২			২০	৩০	১২	১৩	৭৫	
	৭	কম্পিউটার এ্যাপ্লিকেশন-১	১৯১৭	০	২	২	০	০	২৫	২৫	৫০	
	৮	ইঞ্জিনিয়ারিং ড্রইং	১৯১৮	০	২	২	০	০	২৫	২৫	৫০	
	৯	শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান এবং খেলাধুলা-১	১৯১৯	০	১	১	০	০	২৫	২৫	৫০	
	১০	ধর্ম ও নৈতিক শিক্ষা-১	১২১১-৪	১	০	১	২০	৩০	০	০	৫০	
আবশ্যিক মোট নম্বর			১৬	০৭	২৩	২২০	৩৩০	৯৯	১০১	৭৫০		
ঐচ্ছিক	আবশ্যিক বিষয়	১১	ট্রেড-১ (১ম পত্র)	**১৩	২	৯	১১	৪০	৬০	৫০	৫০	২০০
		১২	ট্রেড-২ (১ম পত্র)	**১৪	২	৯	১১	৪০	৬০	৫০	৫০	২০০
		১৩	শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ (৬ সপ্তাহ)	**৮১	০	০	০	০	০	০	৫০	৫০
মোট নম্বর			২০	২৫	৪৫	৩০০	৪৫০	১৯৯	২৫১	১২০০		
ঐচ্ছিক বিষয়-১টি	১৪	উচ্চতর গণিত-১ (*২)	১৩১১	৩/১	০/২	৩	৩০	৪৫	১২	১৩	১০০	
		হিসাব বিজ্ঞান-১	১৩১২	৩	০		৪০	৬০	০	০		
		ভূগোল ও পরিবেশ-১	১৩১৩	৩	০		৪০	৬০	০	০		
		কৃষি শিক্ষা-১ (*৩)	১৩১৪	২/১	১/২		৩০	৪৫	১২	১৩		
সর্বমোট নম্বর (ঐচ্ছিক বিষয়সহ)						৪৮				১৩০০		

২.২ দশম শ্রেণির বিষয়সমূহ এবং উহার সাপ্তাহিক পিরিয়ড ও নম্বর বিন্যাস

ক্র: নং	পিরিয়ড ও নম্বর বিন্যাস			পিরিয়ড			নম্বর বিন্যাস				মোট							
				তত্ত্বীয়	ব্যবহারিক	মোট	তত্ত্বীয়		ব্যবহারিক									
	বিষয় ও কোড	১৯২১	১৯২২				১৯২৩	১৯২৪	১৯২৫	১৯২৬		১৯২৭	১৯২৮	১৯২৯	১৯২১-৪	১৬	০৭	২৩
আবশ্যিক	১	বাংলা-২	১৯২১	৩	০	৩	৪০	৬০	০	০	১০০							
	২	ইংরেজি-২	১৯২২	৩	০	৩	৪০	৬০	০	০	১০০							
	৩	গণিত-২	১৯২৩	৩	০	৩	৪০	৬০	০	০	১০০							
	৪	বাংলাদেশ ও বিশ্বপরিচয়-২	১৯২৪	২	০	২	৪০	৬০	০	০	১০০							
	৫	পদার্থ বিজ্ঞান-২ (*১)	১৯২৫	২	২	৬	২০	৩০	১২	১৩	৭৫							
	৬	রসায়ন বিজ্ঞান-২ (*১)	১৯২৬	২	২	৬	২০	৩০	১২	১৩	৭৫							
	৭	কম্পিউটার এ্যাপ্লিকেশন-২	১৯২৭	০	২	২	০	০	২৫	২৫	৫০							
	৮	আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ	১৯২৮	২	০	২	২০	৩০	০	০	৫০							
	৯	শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান এবং খেলাধুলা-২	১৯২৯	০	১	১	০	০	২৫	২৫	৫০							
	১০	ধর্ম ও নৈতিক শিক্ষা-২	১৯২১-৪	১	০	১	২০	৩০	০	০	৫০							
আবশ্যিক মোট নম্বর				১৬	০৭	২৩	২২০	৩৩০	৯৯	১০১	৭৫০							
দ্রষ্টব্য	১১	ট্রেড-১ (২য় পত্র)	**২৩	২	৯	১১	৪০	৬০	৫০	৫০	২০০							
	১২	ট্রেড-২ (২য় পত্র)	**২৪	২	৯	১১	৪০	৬০	৫০	৫০	২০০							
	১৩	শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ (৬ সপ্তাহ)	**৮২	০	০	০	০	০	০	৫০	৫০							
মোট নম্বর				২০	২৫	৪৫	৩০০	৪৫০	১৯৯	২৫১	১২০০							
ঐচ্ছিক বিষয়-১টি	১৪	উচ্চতর গণিত-২ (*২)	১৩২১	৩/১	০/২	৩	৩০	৪৫	১২	১৩	১০০							
		হিসাব বিজ্ঞান-২	১৩২২	৩	০		৪০	৬০	০	০								
		ভূগোল ও পরিবেশ-২	১৩২৩	৩	০		৪০	৬০	০	০								
		কৃষি শিক্ষা-২ (*৩)	১৩২৪	২/১	১/২		৩০	৪৫	১২	১৩								
সর্বমোট নম্বর (ঐচ্ছিক বিষয়সহ)				৪৮						১৩০০								

ধা: মু: = ধারাবাহিক মূল্যায়ন, চ: মু: = চূড়ান্ত মূল্যায়ন

\*১ -এক সপ্তাহে পদার্থ বিজ্ঞানের ব্যবহারিক ক্লাস হবে এবং পরের সপ্তাহে রসায়ন বিজ্ঞানের ব্যবহারিক ক্লাস হবে।

\*২ -এক সপ্তাহে ৩ পিরিয়ড তত্ত্বীয় ও পরের সপ্তাহে এক পিরিয়ড তত্ত্বীয় ও দুই পিরিয়ড ব্যবহারিক।

\*৩ -এক সপ্তাহে ২ পিরিয়ড তত্ত্বীয় ও এক পিরিয়ড ব্যবহারিক এবং পরের সপ্তাহে এক পিরিয়ড তত্ত্বীয় ও দুই পিরিয়ড ব্যবহারিক।

\*\* ট্রেড কোড নম্বর।

উপরিউক্ত কোডের নম্বর বিন্যাস নিম্নরূপ: (বাম থেকে ডানে)

প্রথম অংক : ১ দ্বারা এসএসসি/দাখিল(ভোকেশনাল) বোঝাবে

দ্বিতীয় অংক : বিষয় ক্যাটাগরি (৯ কমন বিষয়, ২ ধর্ম বিষয়, ৩ ঐচ্ছিক বিষয় বোঝাবে)

তৃতীয় অংক : শ্রেণি (১ নবম শ্রেণি, ২ দশম শ্রেণি বোঝাবে)

চতুর্থ অংক : সংশ্লিষ্ট ক্যাটাগরির বিষয়ের ক্রমিক নম্বর (ধর্ম বিষয়ের ক্ষেত্রে ১. ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা, ২. হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা, ৩. খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা, ৪. বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা এবং ট্রেড বিষয়ের ক্ষেত্রে ৩. ট্রেড-১, ৪. ট্রেড-২ বোঝাবে)।

এসএসসি (ভোকেশনাল) এর চূড়ান্ত মূল্যায়নের নম্বর বিন্যাস

ক্র. ন.	বিষয়	শ্রেণির মোট নম্বর		বিষয়ের মোট নম্বর	প্রাপ্ত লেটার গ্রেড	প্রাপ্ত গ্রেড পয়েন্ট
		নবম	দশম			
১.	বাংলা	১০০	১০০	২০০		
২.	ইংরেজি	১০০	১০০	২০০		
৩.	গণিত	১০০	১০০	২০০		
৪.	ধর্ম ও নৈতিক শিক্ষা	৫০	৫০	১০০		
৫.	শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান এবং খেলাধুলা	৫০	৫০	১০০		
৬.	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	১০০	১০০	২০০		
৭.	পদার্থ বিজ্ঞান	৭৫	৭৫	১৫০		
৮.	রসায়ন বিজ্ঞান	৭৫	৭৫	১৫০		
৯.	কম্পিউটার এ্যাপ্লিকেশন	৫০	৫০	১০০		
১০.	ইঞ্জিনিয়ারিং ড্রইং	৫০	০	৫০		
১১.	আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ	০	৫০	৫০		
১২.	ট্রেড-১	২০০	২০০	৪০০		
১৩.	ট্রেড-২	২০০	২০০	৪০০		
১৪.	শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ	৫০	৫০	১০০		
	<b>মোট</b>	<b>১২০০</b>	<b>১২০০</b>	<b>২৪০০</b>		<b>GPA(ঐচ্ছিক বিষয় ব্যতীত)</b>
	<b>ঐচ্ছিক বিষয়</b>	<b>১০০</b>	<b>১০০</b>	<b>২০০</b>		
	<b>সর্বমোট</b>	<b>১৩০০</b>	<b>১৩০০</b>	<b>২৬০০</b>		<b>GPA(ঐচ্ছিক বিষয়সহ)</b>

- ২.৩ শিক্ষার্থীগণ উল্লিখিত বিষয়সমূহের যে কোন একটি ঐচ্ছিক বিষয় হিসেবে নির্বাচন করতে পারবে।
- ২.৪ পাঠ্যক্রম কাঠামোতে বিষয়/বিষয়সমূহের পরিবর্তন, নবায়ন ও সংযোজন এবং নতুন পাঠ্যসূচি সংযোজন ও বিদ্যমান পাঠ্যসূচি বিয়োজন করার ক্ষমতা ১৯৬৭ সনের ১ নং কারিগরি শিক্ষা আইন অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।

### ৩.০ ভর্তির নিয়মাবলী

- ৩.১ কোন অনুমোদিত বিদ্যালয়/মাদ্রাসা হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণিতে ভর্তি হওয়ার জন্য দরখাস্ত করার যোগ্য হবে।
- ৩.২ শিক্ষার্থীদের বয়স ১২ বছর পূর্ণ না হওয়া পর্যন্ত এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে না এবং ১৮ বছরের বেশি বয়সের শিক্ষার্থী এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণিতে অধ্যয়ন করতে পারবে না।
- ৩.৩ বোর্ডের কেন্দ্রীয় ভর্তি কমিটির সুপারিশকৃত নীতিমালা অনুসারে নবম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

### ৪.০ নিবন্ধন

- ৪.১ নবম শ্রেণিতে ভর্তির সময় নির্ধারিত ফি প্রদান করে ক্লাশ শুরু ৪০(চল্লিশ) দিনের মধ্যে এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে নিবন্ধনভুক্ত হতে হবে। নিবন্ধনের মেয়াদ হবে ভর্তির শিক্ষাবর্ষ হতে ধারাবাহিকভাবে ৪(চার) শিক্ষাবর্ষ।
- ৪.২ ৪(চার) শিক্ষাবর্ষ পর কোন শিক্ষার্থী পুনরায় এ শিক্ষাক্রমে অধ্যয়ন করতে চাইলে তাকে বোর্ড নির্ধারিত রিটেনশন ফি (সংযোগ রক্ষাকারী ফি) দিয়ে নিবন্ধন নবায়ন করতে হবে। এ নবায়নের মেয়াদ হবে এক বছর। এ সুযোগ শুধুমাত্র একবারই গ্রহণ করা যাবে।
- ৪.৩ এ শিক্ষাক্রমে অধ্যয়নরত অবস্থায় কোন শিক্ষার্থী অন্য কোন কোর্সে অধ্যয়ন করতে পারবে না। কোন শিক্ষার্থী এ শিক্ষাক্রমে অধ্যয়নরত অবস্থায় অন্য কোন কোর্সে অধ্যয়ন করলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

## ৫. সাধারণ নিয়মাবলী

- ৫.১ নবম ও দশম শ্রেণিতে অধ্যয়নরত কোন শিক্ষার্থী সংশ্লিষ্ট বর্ষে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাশে নির্ধারিত হাজিরা এবং তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় অংশের ধারাবাহিক মূল্যায়নে পৃথক পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে।
- ৫.২ নবম শ্রেণিতে নিবন্ধনভুক্ত কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হলে অব্যবহিত পরের শিক্ষাবর্ষে পুনঃ ভর্তি হয়ে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে পারবে। তবে এ সুযোগ সাধারণভাবে একবারই গ্রহণ করা যাবে।
- ৫.৩ নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার পর শিক্ষার্থীরা দশম শ্রেণিতে সাময়িকভাবে অধ্যয়ন করার সুযোগ পাবে। তবে নবম শ্রেণিতে ঐচ্ছিক বিষয় বাদে চার বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হলে দশম শ্রেণিতে সাময়িকভাবে অধ্যয়ন করার দেয় সুযোগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।
- ৫.৪ নবম শ্রেণিতে অনূর্ধ্ব তিন বিষয়ে (আবশ্যিক) অকৃতকার্য শিক্ষার্থী দশম শ্রেণিতে অধ্যয়ন অব্যাহত রাখতে পারবে। এরূপ শিক্ষার্থী দশম শ্রেণিতে নিয়মিত পরীক্ষার্থী এবং পরবর্তি নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের সুযোগ পাবে। এ সুযোগ রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত বহাল থাকবে। নবম শ্রেণির অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে উত্তীর্ণ না হওয়া পর্যন্ত দশম শ্রেণিতে উত্তীর্ণ হলেও তার ফলাফল স্থগিত থাকবে।
- ৫.৫ নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় চার বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থী পরবর্তি নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের সুযোগ পাবে। এ সুযোগ রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত বহাল থাকবে। অনিয়মিত হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের পরবর্তীতে ফলাফল অনূর্ধ্ব তিন বিষয়ে (আবশ্যিক) অকৃতকার্য থাকলে তার ক্ষেত্রেও ৫.৪ এর ধারা প্রযোজ্য হবে।
- ৫.৬ দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে পরবর্তি দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত সময়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষা দিতে পারবে।
- ৫.৭ অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় অংশের ধারাবাহিক মূল্যায়নের নম্বর এবং কৃতকার্য বিষয়সমূহের চূড়ান্ত মূল্যায়নের নম্বর বোর্ডে সংরক্ষিত থাকবে।
- ৫.৮ নবম শ্রেণিতে কোন শিক্ষার্থী বাস্তব প্রশিক্ষণে অকৃতকার্য হলে তাকে দশম শ্রেণি পাঠ্যবছরে ছুটিকালীন সময়ে অথবা দশম শ্রেণির বাস্তব প্রশিক্ষণ পরবর্তি কোন সময়ে নিজ ব্যয়ে নবম শ্রেণির বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করে পরীক্ষায় অংশগ্রহণপূর্বক উত্তীর্ণ হতে হবে।
- ৫.৯ দশম শ্রেণিতে কোন শিক্ষার্থী বাস্তব প্রশিক্ষণে অকৃতকার্য হলে তাকে পরবর্তি বছর দশম শ্রেণির বাস্তব প্রশিক্ষণের সময় নিজ ব্যয়ে দশম শ্রেণির বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করে পরীক্ষায় অংশগ্রহণপূর্বক উত্তীর্ণ হতে হবে।
- ৫.১০ শিক্ষার্থীকে পৃথকভাবে ব্যবহারিক ও তাত্ত্বিক ক্লাশে ন্যূনপক্ষে শতকরা ৮০ ভাগ উপস্থিত থাকতে হবে। অসুস্থতা বা গ্রহণযোগ্য অন্য কোন কারণে প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের সুপারিশক্রমে প্রতিষ্ঠান প্রধান আরও শতকরা ১০ ভাগ হাজিরা মওকুফ করতে পারবেন। অন্যথায় সংশ্লিষ্ট বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণের সুযোগ পাবে না।
- ৫.১১ দশম শ্রেণির কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা অর্জনে ব্যর্থ হওয়ার কারণে অথবা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হলে পরবর্তি শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত সময়ে দশম শ্রেণিতে পুনঃ ভর্তি হওয়ার সুযোগ পাবে।
- ৫.১২ কোন শিক্ষার্থী নবম শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তীতে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না এবং দশম শ্রেণিতে ঐচ্ছিক বিষয় অন্তর্ভুক্ত করতে পারবে না।
- ৫.১৩ কোন শিক্ষার্থী দশম শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তীতে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না এবং নবম শ্রেণিতে উত্তীর্ণ ঐচ্ছিক বিষয়ের প্রাপ্ত জিপি চূড়ান্ত ফলাফলে কোন প্রভাব ফেলবে না।
- ৫.১৪ দশম শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে কৃতকার্য হলে অন্যান্য সকল বিষয়ে উত্তীর্ণ থাকলে ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২ অপেক্ষা বেশী হলে ২ এর অধিক জিপি যোগ করে জিপিএ নির্ধারণ করা হবে। ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২ বা তার কম হলে এ জিপি চূড়ান্ত ফলাফলে যুক্ত হবে না।

## ৬.০ ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি

- ৬.১ তাত্ত্বিক বিষয়ে বা কোন বিষয়ের তাত্ত্বিক অংশে নির্ধারিত মোট নম্বরের ৬০% নম্বর বোর্ড সমাপনী পরীক্ষার জন্য এবং ৪০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকবে।
- ৬.২ ব্যবহারিক বিষয়ে বা কোন বিষয়ের ব্যবহারিক অংশে নির্ধারিত মোট নম্বরের ৫০% নম্বর বোর্ড সমাপনী পরীক্ষার জন্য এবং ৫০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকবে।
- ৬.৩ তাত্ত্বিক বিষয়/বিষয়ের তাত্ত্বিক অংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (তাত্ত্বিক ধারাবাহিক অংশের মোট নম্বরের শতকরা হারে):

বর্ষমধ্য পরীক্ষা	:	৫০%
ক্লাশ টেস্ট, কুইজ টেস্ট ও এসাইনমেন্ট (প্রতিটির জন্য বর্ষমধ্য পরীক্ষার পূর্বে ন্যূনতম ২টি এবং পরে ২টি)	:	৪০%
উপস্থিতি (৭০% ও তার উর্ধ্বে আনুপাতিক হারে)	:	১০%
	মোট	: ১০০%

উপস্থিতি	:	৯০% বা এর উর্ধ্বে	১০%
		৮৫% - ৯০% এর নীচে	৯%
		৮০% - ৮৫% এর নীচে	৮%
		৭৫% - ৮০% এর নীচে	৬.৫%
		৭০% - ৭৫% এর নীচে	৫%

- ৬.৪ ব্যবহারিক বিষয়/বিষয়ের ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (ব্যবহারিক ধারাবাহিক অংশের মোট নম্বরের উপর ভিত্তি করে):

প্রতি জব এক্সপেরিমেন্ট এর জন্য নির্ধারিত নম্বর :	১০
জব অনুশীলন	: ৬
রিপোর্ট প্রস্তুতকরণ	: ২
পরিচছন্নতা ও নিরাপত্তা অবলম্বন	: ২
মোট	: ১০

উদাহরণ:
ব্যবহারিক ধারাবাহিক নম্বর ২৫
অনুষ্ঠিত মোট জব ১২টি
মোট নম্বর $১২ \times ১০ = ১২০$
শিক্ষার্থী ১০টি জবে অংশগ্রহণ করে প্রাপ্ত নম্বর ৬০ হলে
এক্ষেত্রে তার প্রাপ্ত নম্বর হবে $৬০ \times ২৫ \div ১২০ = ১২.৫$

সকল জবের নম্বর ধারাবাহিকের জন্য নির্ধারিত মোট নম্বরে রূপান্তর করতে হবে।

বোর্ডের নির্দেশনা মোতাবেক ব্যবহারিক ধারাবাহিক মূল্যায়নের নম্বর বোর্ডে প্রেরণ করতে হবে।

- ৬.৫ বোর্ড পরীক্ষায় ব্যবহারিক ও তাত্ত্বিক বিষয়ের প্রতি অংশে (ধারাবাহিক ও চূড়ান্ত) পাশ নম্বর হবে শতকরা ৩৩।
- ৬.৬ ক্লাশ চলাকালে বর্ষপঞ্জী অনুযায়ী ১৭-১৮তম সপ্তাহে তাত্ত্বিক বিষয়ের উপর প্রতিষ্ঠান বর্ষমধ্য পরীক্ষা গ্রহণ করবে।
- ৬.৭ বর্ষমধ্য পরীক্ষার জন্য বিষয় শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ের/বিষয়সমূহের প্রশ্নপত্র প্রণয়ন করে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দেবেন। একই বিষয়ের জন্য একাধিক শিক্ষক থাকলে তারা যৌথভাবে বা প্রতিষ্ঠান প্রধানের নির্দেশক্রমে তাদের মধ্যে যে কোন একজন শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন করবেন।
- ৬.৮ প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করে পরীক্ষা পরিচালনার জন্য সংশ্লিষ্ট শিক্ষকদের নিয়ে ন্যূনতম ৫ সদস্যের পরীক্ষা কমিটি গঠন করতে হবে। প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা কমিটির মাধ্যমে বর্ষমধ্য পরীক্ষার প্রশ্নপত্র সমন্বয়, পরীক্ষার সময়সূচী ঘোষণা এবং পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন।
- ৬.৯ বর্ষমধ্য পরীক্ষার উত্তরপত্র সংশ্লিষ্ট বিষয় শিক্ষক মূল্যায়ন করবেন। প্রয়োজনে পরীক্ষা কমিটি অন্য শিক্ষক দ্বারাও উত্তরপত্র মূল্যায়ন করাতে পারবেন। তবে, একই বিষয়ে একাধিক শিক্ষক থাকলে পরীক্ষা কমিটি সংশ্লিষ্ট যে কোন শিক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়ন করাতে পারবেন।

- ৬.১০ মূল্যায়িত উত্তরপত্র পরীক্ষা শেষ হওয়ার পনের দিনের মধ্যে শিক্ষার্থীদেরকে দেখার সুযোগ দিতে হবে। শিক্ষার্থীদেরকে অবহিত করানোর পর নম্বরসহ উত্তরপত্র প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিতে হবে। প্রতিষ্ঠান প্রধান উত্তরপত্র সংরক্ষণ করবেন।
- ৬.১১ হাজিরাসহ মূল্যায়নকৃত ব্যবহারিক কাজ ও উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় রেকর্ড পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ছয় মাস পর্যন্ত প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনে বোর্ডে প্রেরণ করতে হবে।
- ৬.১২ প্রত্যেক শিক্ষার্থীর জন্য প্রতিষ্ঠান প্রধান একটি অগ্রগতি কার্ড (Progress Card) যথাসময়ে সংশ্লিষ্ট শিক্ষক দ্বারা পূরণের ব্যবস্থা করবেন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে অগ্রগতি কার্ড সরবরাহ করা হবে।
- ৬.১৩ প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট ট্রেড-এর জন্য কর্মক্ষেত্রে ৬(ছয়) সপ্তাহের বাস্তব প্রশিক্ষণ (ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং) এর ব্যবস্থা করবেন। সংশ্লিষ্ট শিল্পকারখানা বা সংস্থা কর্তৃক নিয়োজিত প্রশিক্ষক এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক নিয়োজিত শিক্ষক যৌথভাবে এ বাস্তব প্রশিক্ষণ তদারকি ও মূল্যায়ন করবেন। প্রশিক্ষণ শেষে শিক্ষার্থীকে বাস্তব প্রশিক্ষণের উপর একটি প্রতিবেদন দাখিল করতে হবে। বাস্তব প্রশিক্ষণ মূল্যায়নের নম্বর বন্টন হবে নিম্নরূপ:

ক.	উপস্থিতি	:	৩০%
খ.	দৈনন্দিন কাজ	:	৪০%
গ.	দৈনন্দিন কাজের রেকর্ড	:	১০%
ঘ.	প্রতিবেদন	:	২০%
	মোট	:	১০০%

বোর্ডের নির্দেশনা মোতাবেক বাস্তব প্রশিক্ষণের নম্বর বোর্ডে প্রেরণ করতে হবে।

## ৭.০ চূড়ান্ত মূল্যায়ন

- ৭.১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নবম শ্রেণি সমাপনান্তে নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষা এবং দশম শ্রেণি সমাপনান্তে দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষা বোর্ড নির্ধারিত কেন্দ্রে গ্রহণ করবে।
- ৭.২ ৪৫ ও তদুর্ধ্ব নম্বরের বিষয়ের জন্য পরীক্ষার সময় ৩ ঘণ্টা এবং ৪৫-এর কম নম্বরের জন্য পরীক্ষার সময় ২ ঘণ্টা ও সকল ব্যবহারিক পরীক্ষার সময় ৩ ঘণ্টা নির্ধারিত থাকবে।
- ৭.৩ ব্যবহারিক বিষয়/বিষয়ের ব্যবহারিক অংশের চূড়ান্ত মূল্যায়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শ্রেণি শিক্ষক অভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে এবং বোর্ড অনুমোদিত অনাভ্যন্তরীণ পরীক্ষক যৌথভাবে সম্পন্ন করবেন এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (ব্যবহারিক চূড়ান্ত অংশের মোট নম্বরের শতকরা হারে):

১১

ক.	জব/এক্সপেরিমেন্ট	:	৬০%
	১. জব	৫০%	
	২. পরিচছন্নতা ও নিরাপত্তা অবলম্বন	১০%	
খ.	জব/এক্সপেরিমেন্ট রিপোর্ট	:	২০%
গ.	মৌখিক পরীক্ষা	:	২০%
	মোট	:	১০০%

বোর্ডের নির্দেশনা মোতাবেক ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষার নম্বরপত্র পরীক্ষা সম্পন্ন হওয়ার তিন দিনের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে।

- ৭.৪ বোর্ডের প্রচলিত নিয়ম অনুসারে ব্যবহারিক ও তাত্ত্বিক বিষয়ের পরীক্ষা নির্ধারিত কেন্দ্রে ভারপ্রাপ্ত কর্মকর্তা (অফিসার-ইন-চার্জ)- এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে।
- ৭.৫ তাত্ত্বিক বিষয়ের বোর্ড সমাপনী পরীক্ষা অনুষ্ঠানের শেষে ভারপ্রাপ্ত কর্মকর্তা ঐ দিনই উত্তরপত্রসমূহ সীল গালা করে বীমাকৃত পার্সেল ডাক যোগে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করবেন।



## ৮.০ ফলাফল ঘোষণা ও সনদ প্রদান

- ৮.১ নবম ও দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় কোন শিক্ষার্থী আবশ্যিক সকল বিষয়ে ন্যূনতম D গ্রেড পেলে তাকে উত্তীর্ণ ঘোষণা করা হবে।
- ৮.২ নবম ও দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় আবশ্যিক সকল বিষয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীকে বোর্ড হতে এসএসসি (ভোকেশনাল) সনদপত্র প্রদান করা হবে।
- ৮.৩ প্রতি বিষয়ে প্রাপ্ত গ্রেড পয়েন্ট (GP) এর ভিত্তিতে পরীক্ষার্থীর ঐচ্ছিক বিষয় ব্যতীত ও ঐচ্ছিক বিষয়সহ Grade Point Average (GPA) নির্ধারণপূর্বক শিক্ষাগত মূল্যায়নপত্র প্রদান করা হবে।
- ৮.৪ কোন পরীক্ষার্থী এক/একাধিক আবশ্যিক বিষয়ে 'F' পেলে সনদপত্র পাবে না, তবে শিক্ষাগত মূল্যায়নপত্র প্রদান করা হবে।
- ৮.৫ শিক্ষার্থীদের নিম্নরূপ গ্রেড পয়েন্টের ভিত্তিতে মূল্যায়ন করা হবে:

লেটার গ্রেড	প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি	গ্রেড পয়েন্ট
A+	৮০% হতে ১০০%	৫.০০
A	৭০% হতে ৮০% এর নীচে	৪.০০
A-	৬০% হতে ৭০% এর নীচে	৩.৫০
B	৫০% হতে ৬০% এর নীচে	৩.০০
C	৪০% হতে ৫০% এর নীচে	২.০০
D	৩৩% হতে ৪০% এর নীচে	১.০০
F	০০% হতে ৩৩% এর নীচে	০

- ৮.৬ এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম সাধারণ শিক্ষা এবং জাতীয় দক্ষতার তৃতীয় ও দ্বিতীয় মান সমন্বয়ে গঠিত। কোন শিক্ষার্থী নবম ও দশম শ্রেণির সকল বিষয়ে উত্তীর্ণ হলে অথবা শুধুমাত্র ট্রেড বিষয়ে উত্তীর্ণ হলেও বোর্ড নির্ধারিত নম্বরের স্কীল পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে নবম শ্রেণির জন্য জাতীয় দক্ষতা মান ৩য় এবং দশম শ্রেণির জন্য জাতীয় দক্ষতা মান ২য় সনদ প্রদান করা হবে।
- ৮.৭ ফলাফল মান উন্নয়নের লক্ষ্যে পরীক্ষার্থীকে অব্যবহিত পরবর্তি বছরেই বোর্ড সমাপনী পরীক্ষায় আবশ্যিক বিষয়ের শুধুমাত্র তাত্ত্বিক অংশের পরীক্ষা দিতে হবে। পরীক্ষার্থীর ফল উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের ফল বহাল থাকবে। তবে ঐচ্ছিক বিষয়ে মান উন্নয়নের সুযোগ নেই।
- ৯.০ পরীক্ষানুষ্ঠানের সমন্বিত শৃঙ্খলা বিধি  
বোর্ডের অনুমোদিত সমন্বিত শৃঙ্খলা বিধি ও উপবিধি এ পাঠ্যক্রমের জন্য অনুসরণ করা হবে। সরকারের সময় সময় জারীকৃত পাবলিক এক্সামিনেশন এ্যাক্ট এক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ১০. বদলীতে ভর্তি

- ১০.১ শিক্ষার্থী বদলীর ক্ষেত্রে পাঠ্যক্রম ও ট্রেডের মিল থাকতে হবে।
- ১০.২ নবম শ্রেণীর কোন শিক্ষার্থী বদলীর আবেদন বিবেচনা করা হবে না।
- ১০.৩ কোন অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলীতে ভর্তি হতে পারবে না।
- ১০.৪ কেবল মাত্র ১০ম শ্রেণির শিক্ষার্থীরা নতুন বর্ষের ক্লাস শুরু হওয়ার ৩ মাসের মধ্যে বদলীতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ১০.৫ সরকারি প্রতিষ্ঠানে শিক্ষার্থী কেবল মাত্র সরকারি প্রতিষ্ঠানে এবং বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবল মাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলীতে ভর্তি হওয়ার সুযোগ পাবে।
- ১০.৬ বদলীতে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থী অভিভাবকের প্রতিনিধিত্বসহ বিমুক্তকারী ও গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ ক্লাস শুরুর ৩ মাসের মধ্যে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর সোনালী ব্যাংক, আগারগাঁও শাখার অনুকূলে নির্ধারিত ফি এর ব্যাংক ড্রাফটসহ আবেদন করতে হবে।

১১. এ প্রবিধানের ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে এবং বোর্ডের ব্যাখ্যাই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এ প্রবিধানে অনুল্লিখিত কোন শিক্ষা বিষয়ে ব্যাখ্যা প্রদান করার ক্ষমতা বোর্ডের নিকট সংরক্ষিত থাকবে।

### পরিশিষ্ট 'ক'

এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ট্রেডসমূহ

ক্রমিক নং	ট্রেড কোড	ট্রেডের নাম	ক্রমিক নং	ট্রেড কোড	ট্রেডের নাম
১.	৬১	এগ্রোবেসড্ ফুড	১৬.	৭৬	ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজার্ভেশন
২.	৬২	জেনারেল ইলেকট্রনিক্স	১৭.	৭৭	জেনারেল মেকানিক্স
৩.	৬৩	অটোমোটিভ	১৮.	৭৮	লাইভস্টক রিয়ারিং অ্যান্ড ফার্মিং
৪.	৬৪	বিল্ডিং মেইনটেন্যান্স	১৯.	৭৯	মেশিন টুলস অপারেশন
৫.	৬৫	উড ওয়ার্কিং	২০.	৮০	পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং
৬.	৬৬	সিরামিক	২১.	৮৯	পেশেন্ট কেয়ার
৭.	৬৭	সিভিল কন্সট্রাকশন	২২.	৯০	জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস
৮.	৬৮	কম্পিউটার ও তথ্য প্রযুক্তি	২৩.	৯১	প্লাস্টিং অ্যান্ড পাইপ ফিটিং
৯.	৬৯	সিভিল ড্রাফটিং উইথ ক্যাড	২৪.	৯২	রিফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং
১০.	৭০	মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড	২৫.	৯৩	গ্লাস
১১.	৭১	ড্রেস মেকিং	২৬.	৯৪	ফ্লাওয়ার, ফুট অ্যান্ড ভেজিটেবল কাল্টিভেশন
১২.	৭২	ডাইং, প্রিন্টিং অ্যান্ড ফিনিশিং	২৭.	৯৫	উইভিং
১৩.	৭৩	ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস	২৮.	৯৬	ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন
১৪.	৭৪	ফার্ম মেশিনারি	২৯.	৯৭	আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড
১৫.	৭৫	ফিস কালচার অ্যান্ড ব্রিডিং	৩০.	৯৮	নিটিং
			৩১.	৯৯	শ্রম্প কালচার অ্যান্ড ব্রিডিং

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭

এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের

সাধারণ পাঠ্যসূচি

(সংশোধিত ও পরিমার্জিত)

**বাংলা-১**  
বিষয় কোড: ১৯১১

**উদ্দেশ্য**

এ পাঠ্যক্রম সমাপনান্তে শিক্ষার্থীগণ

১. মাধ্যমিক স্তরের উপযোগী বাংলা ভাষায় দক্ষতা অর্জন করবে।
২. বাংলা ভাষা শিক্ষার চারটি দক্ষতা : শোনা, বলা, পড়া, লেখা- এর যোগ্যতা অর্জন করবে।
৩. বাস্তব জীবনে ও ব্যবহারিক ক্ষেত্রে বাংলা ভাষা যথাযথভাবে প্রয়োগ করতে পারবে।
৪. জাতীয় চেতনা, দেশপ্রেম, শ্রমের প্রতি মর্যাদাবোধ, নীতি ও মূল্যবোধের উন্নতি সাধন করতে পারবে।

**বাংলা ভাষা শেখার ৪ টি দক্ষতা অর্জন**

**১. শোনা**

- ১.১ মনোযোগ দিয়ে কোন নির্দেশ, প্রশ্ন, বিবৃতি ইত্যাদি শুনে বুঝতে পারবে এবং সামাজিক মত বিনিময়ে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারবে।
- ১.২ সংক্ষিপ্ত আলোচনা করতে এবং শুদ্ধ ও স্পষ্টভাবে প্রশ্নের উত্তর দিতে সক্ষম হবে।
- ১.৩ বিভিন্ন প্রকার নির্দেশ শুনে তা পালন করতে পারবে।

**২. বলা**

- ২.১ শুদ্ধ ও স্পষ্টভাবে পরিচিতি ঘটনা ও বস্তু সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করতে ও উত্তর দিতে পারবে।
- ২.২ প্রশ্নোত্তর- এর মাধ্যমে তথ্যাদি সংগ্রহ করতে পারবে।
- ২.৩ বিভিন্ন সামাজিক পরিবেশে কথোপকথনে অংশগ্রহণ করতে পারবে।

**৩. পড়া**

- ৩.১ মাধ্যমিক পর্যায়ে বাংলা পাঠ্যপুস্তক পড়তে পারবে।
- ৩.২ নির্ধারিত পাঠ হতে মূল বিষয় অনুধাবন করতে পারবে।

**৪. লেখা**

- ৪.১ সংকেত বা সূত্র হতে অনুচ্ছেদ রচনা করতে পারবে।
- ৪.২ দৈনন্দিন জীবনের নির্দেশিত বিভিন্ন পরিবেশ, মানুষ ও ঘটনা সম্পর্কে ছোট ছোট অনুচ্ছেদ লিখতে পারবে।

**দক্ষতা অর্জন কার্যক্রম**

- অভিবাদন করতে পারবে এবং নিজের পরিচয় দিতে পারবে।
- অনুমতি গ্রহণের জন্য অনুরোধ করতে পারবে।
- বিভিন্ন পরিস্থিতিতে উপদেশ, নির্দেশ এবং সাহায্য করতে ও নিতে পারবে।
- যে কোন পরিস্থিতির সম্ভাবনা ও নিশ্চয়তা সম্পর্কে ধারণা দিতে পারবে।
- নিজের যোগ্যতা ও প্রয়োজনীয়তা প্রতিষ্ঠিত করতে পারবে, একইসাথে বাধ্যবাধকতা ও সীমাবদ্ধতা সম্পর্কে বলতে পারবে।
- বর্তমান, অতীত ও ভবিষ্যৎ সম্পর্কে ধারণা দিতে পারবে।

**কিভাবে যোগ্যতাগুলো অর্জিত হবে**

- বিদ্যালয় প্রাঙ্গণ, শ্রেণিকক্ষ বা যে কোন সামাজিক পরিবেশে অভিবাদন বিনিময় করবে।
- অপরিচিত ব্যক্তির পরিচয় নিবে এবং নিজে নিজের পরিচয় দেবে।
- ট্রেন, লঞ্চ, বাস ইত্যাদির সময়সূচি এবং বাজার, হাসপাতাল, চায়ের দোকান, পোস্ট অফিস ইত্যাদির অবস্থান সম্পর্কে ধারণা দিতে পারবে।

## গদ্যাংশ

২৫

১. পালামৌ	-	সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়
২. দেনাপাওনা	-	রবীন্দ্রনাথ ঠাকুর
৩. বই পড়া	-	প্রমথ চৌধুরী
৪. উপেক্ষিত শক্তির উদ্বোধন	-	কাজী নজরুল ইসলাম
৫. বাঙলা শব্দ	-	হুমায়ূন আজাদ

## পদ্যাংশ

২৫

১. আমার সন্তান	-	ভারতচন্দ্র
২. কপোতাক্ষ নদ	-	মধুসূদন দত্ত
৩. বার্ণার গান	-	সত্যেন্দ্রনাথ দত্ত
৪. পল্লি জননী	-	জসীমউদ্দীন
৫. সাহসী জননী বাংলা	-	কামাল চৌধুরী

## ব্যাকরণ

২০

১. ভাষা : বাংলা ভাষা
  - (ক) সাধু ভাষা
  - (খ) চলিত ভাষা
  - (গ) বাংলা ভাষার শব্দসম্ভার : তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, দেশী ও বিদেশী শব্দ।
  - (ঘ) বাংলা ব্যাকরণ ও এর আলোচ্য বিষয়।
২. ধ্বনিতত্ত্ব :
  - (ক) বাংলা উচ্চারণ ও বর্ণ প্রকরণ
  - (খ) ণ-ত্ব ও ষ-ত্ব বিধান  
ণ-ব্যবহারের নিয়ম  
ষ-ব্যবহারের নিয়ম
  - (গ) সন্ধি-স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ও বিসর্গ সন্ধি।
৩. শব্দ প্রকরণ :  
সমাস
৪. ভাব সম্প্রসারণ
৫. সারাংশ ও সারমর্ম

১০

০৫

## সহপাঠ

উপন্যাস: কাকতালুয়া - সেলিনা হোসেন

১৫

- ক) উপন্যাসের সংজ্ঞা
- খ) উপন্যাসের আঙ্গিক ও গঠন কৌশল
- গ) বাংলাদেশের উপন্যাসের সংক্ষিপ্ত পরিচিতি
- ঘ) 'কাকতালুয়া' উপন্যাস ও উপন্যাসিকের সংক্ষিপ্ত পরিচিতি
- ঙ) 'কাকতালুয়া' উপন্যাসের সংক্ষিপ্ত আলোচনা
- চ) উপন্যাসের চরিত্র পরিচিতি ও সার্থকতা

বিঃ দ্রঃ বর্ষ সমাপনী পরীক্ষার পূর্বে নূন্যতম ২ সপ্তাহ রিভিশন ক্লাসের জন্য নির্ধারিত থাকবে।

নম্বরবন্টন

বিষয়	মোট নম্বর	ধারাবাহিক নম্বর	চূড়ান্ত নম্বর
গদ্যাংশ	২৫	১০	১৫
পদ্যাংশ	২৫	১০	১৫
উপন্যাস	১৫	৫	১০
ব্যাকরণ	৩৫	১৫	২০
মোট	১০০	৪০	৬০

চূড়ান্ত মূল্যায়নের প্রশ্নের ধারা ও মানবন্টন

বিষয়বস্তু	প্রশ্নসংখ্যা	উত্তর দিতে হবে	মান
গদ্যাংশ	৪ টি	৩ টি	$৫ \times ৩ = ১৫$
পদ্যাংশ	৪ টি	৩ টি	$৫ \times ৩ = ১৫$
উপন্যাস	৩ টি	২ টি	$৫ \times ২ = ১০$
ব্যাকরণ	৬ টি	৪ টি	$২.৫ \times ৪ = ১০$
ভাব সম্প্রসারণ	২ টি	১ টি	$৫ \times ১ = ০৫$
সারাংশ	২ টি	১ টি	$৫ \times ১ = ০৫$
সর্বমোট			৬০

সহায়ক বই :

১. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা কর্তৃক প্রণীত- মাধ্যমিক বাংলা সাহিত্য (গদ্য ও পদ্য)।
২. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা কর্তৃক প্রণীত- বাংলা ভাষার ব্যাকরণ।
৩. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা কর্তৃক প্রণীত- মাধ্যমিক বাংলা সহপাঠ।
৪. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা কর্তৃক প্রণীত- রচনা সম্ভার।

# English-1

Subject Code: 1912

## Objectives:

The objectives of this course are:

- To acquire competence in all four language skills, i.e- Listening, Speaking, Reading and Writing
- To use the compliance for effective communication in real life situations at pre intermediate level.
- To acquire necessary Grammar competence in English Language.
- To use Language skills for utilizing Information Technology.
- To be skilled human resources by using English Language skills.
- To develop creativity and critical thinking through English Language.
- To acquire moral values, patriotism and sense of dignity of labour.

<b>Title/General Objective</b>	<b>Specific Objectives</b>	<b>Topics</b>	<b>Periods</b>
1. Good Citizen	1.1	Can you live alone?	1
	1.2	Knowledge, skills and attitudes	1
	1.3	Good character	1
	1.4	Responsibilities	1
2. Pastimes	2.1	Have your any favourite pastimes?	1
	2.2	Reading really helps!	2
	2.3	Change in pastimes in Bangladesh	1
	2.4	Pastimes vary	1
3. Are we aware?	3.1	Our food and shelter	1
	3.2	The story of Lipi	1
	3.3	Let's become skilled work force	2
4. Climate Change	4.1	The greed of the roaring rivers	2
	4.2	Environmental pollution	2
	4.3	Man and climate	2
5. Unconventional Jobs	5.1	Jobs around	1
6. Dreams	6.1	They had dreams 1	1
	6.2	They had dreams 2	1
7. Roots	7.1	My roots	2
	7.2	The return of the native	2
8. Media and e-communications	8.1	Media and e-communications	2
	8.2	Social network services	2
	8.3	E-learning	2

## Grammar

<b>Title/General Objective</b>	<b>Specific Objectives</b>	<b>Topics</b>	<b>Periods</b>
1. Sentence	1.1	Sentence(Assert, Int, Imp, Opt, Excl)	2
	1.2	Simple Sentence	2
	1.3	Complex Sentence	2
	1.4	Compound Sentence	2
2. Infinitives	2.1	Infinitives	2
3. Participles and Gerund	3.1	Participles	2
	3.2	Gerund	2
4. Pronouns	4.1	Further use of Pronouns	4
5. Tense	5.1	Tense	1
	5.2	Present tense	1
	5.3	Past tense	1
	5.4	Future tense	1
	5.5	Formation of sentences in the light of tenses	1
6. Voice	6.1	Change the Voice- on the basis of tenses and sentences	7

## Composition

1. Writing Paragraph	1.1	Writing paragraphs by answering questions	10
2. Letter writing	2.1	Informal letter	08
	2.2	Letter of Application	10

NB: Before Final year Examination 2 weeks should be allocated for revision classes.

## **Marks Distribution**

<b>Subject</b>	<b>Total Marks</b>	<b>Continuous</b>	<b>Final</b>
Comprehension	30	12	18
Grammar	40	16	24
Compositions	30	12	18
Total	100	40	60



### Marks distribution of questions in Final Evaluation

Subject	Question	To Answer	Marks
<b><u>Seen Comprehension :</u></b> a) Multiple choice question 1x 4 b) Open ended question 1x 4 c) Write the following passage and Fill in the gaps with clues 1x 5 d) Summaries the given passage in 5 sentences 1x 5	4	4	18
<b><u>Grammar :</u></b> a) Write the sentences and identify them b) Transform the following sentences as directed (Assert, Inter, Imp, Opt, Excl Sentences only) c) Write the given sentences and fill in the gaps with infinitives/Gerund d) Change the voice e) Join the following sentences with participle f) Fill in the gaps with pronoun	6	4	6x4= 24
<b><u>Composition :</u></b> <b>Paragraph</b> Give a suitable Title and write a paragraph by Answering Questions	4	1	9x1= 09
Letter writing or Application writing	2	1	9x1= 09

#### Text Book

1. English for Today (Classes 9-10), NCTB.
2. English Grammar and Composition (Classes 9-10), NCTB.

## গণিত-১

বিষয় কোড: ১৯১৩

### বীজ গণিত

বিষয় বস্তু	পিরিয়ড ৪৫
১. বাস্তব সংখ্যা	০৫
স্বাভাবিক সংখ্যা, পূর্ণসংখ্যা, ভগ্নাংশ সংখ্যা, মূলদ সংখ্যা, অমূলদ সংখ্যা, দশমিক ভগ্নাংশ সংখ্যা, বাস্তব সংখ্যা, বাস্তব সংখ্যার শ্রেণি বিন্যাস, দশমিক ভগ্নাংশের শ্রেণি বিন্যাস, আবৃত্ত দশমিকের যোগ, বিয়োগ, গুণ ও ভাগ।	
২. সেট ও ফাংশন	০৮
সেট, সেট প্রকাশের পদ্ধতি, সসীম সেট, অসীম সেট, ফাঁকা সেট, উপসেট, ভেন চিত্র, প্রকৃত উপসেট, সেটের সমতা, সেটের অন্তর, সার্বিক সেট, পূরক সেট, সংযোগ সেট, ছেদ সেট, নিষ্ছেদ সেট, শক্তি সেট, ক্রমজোড়, কার্তেসীয় গুণজ, অময়, ফাংশন, ডোমেন ও রেঞ্জ, ফাংশনের লেখচিত্র।	
৩. বীজগাণিতিক রাশি	২০
বীজগাণিতিক রাশি, চলক, ঘাত, কতিপয় বীজগাণিতিক সূত্রাবলী এবং তাদের প্রয়োগ, উৎপাদকে বিশ্লেষণ, উৎপাদক নির্ণয়ে ভাগশেষ উপপাদ্যের প্রয়োগ, সমস্যা সমাধানে বীজগাণিতিক সূত্রের গঠন ও প্রয়োগ।	
৪. এক চলক বিশিষ্ট সমীকরণ	১২
অভেদ, একঘাত ও দ্বিঘাত সমীকরণ, এক ঘাত সমীকরণের সমাধান ও ব্যবহার, দ্বিঘাত সমীকরণের সমাধান ও ব্যবহার।	

### জ্যামিতি

৫. রেখা, কোণ ও ত্রিভুজ	১৫
প্রাথমিক ধারণা ও সংজ্ঞা, ত্রিভুজ সংক্রান্ত উপপাদ্য।	
৬. ব্যবহারিক জ্যামিতি	১০
বিভিন্ন প্রকার ত্রিভুজ ও চতুর্ভুজ, ত্রিভুজ সংক্রান্ত ও চতুর্ভুজ সংক্রান্ত সম্পাদ্য।	

### ত্রিকোণমিতি

৭. ত্রিকোণমিতিক অনুপাত	১৪
সুস্মকোণের ত্রিকোণমিতিক অনুপাত ও এদের সম্পর্ক $30^\circ$ , $60^\circ$ ও $45^\circ$ কোণের ত্রিকোণমিতিক অনুপাত নির্ণয়, পূরক কোণের ত্রিকোণমিতিক অনুপাত, ত্রিকোণমিতিক অভেদাবলি।	
৮. দূরত্ব ও উচ্চতা	০৬
ভূ-রেখা, উর্ধ্ব রেখা, উলম্বতল, উন্নতিকোণ ও অবনতি কোণ, দূরত্ব ও উচ্চতা বিষয়ক সমস্যা।	

নম্বর বন্টন

বিষয়	মোট নম্বর	ধারাবাহিক নম্বর	চূড়ান্ত নম্বর
বীজগণিত	৫০	২০	৩০
জ্যামিতি	৩০	১২	১৮
ত্রিকোণমিতি	২০	০৮	১২
মোট	১০০	৪০	৬০

চূড়ান্ত মূল্যায়নের প্রশ্নের ধারা ও মানবন্টন

বিষয়বস্তু	প্রশ্ন সংখ্যা	উত্তর দিতে হবে	মান
বীজগণিত	৯ সেট	৫ সেট	৫X ৬= ৩০
জ্যামিত	উপপাদ্য - ০২টি	১ টি	৫X ১= ০৫
	উপপাদ্য এর অনুশীলনী- ০২টি	১ টি	৪X ১= ০৪
	সম্পাদ্য- ০২টি	১ টি	৫X ১= ০৫
	সম্পাদ্য এর অনুশীলনী- ০২টি	১ টি	৪X ১= ০৪
ত্রিকোণমিতি	০৬টি	৪ টি	৩X ৪= ১২

• ক্লাস পিরিয়ড

(ক)	বীজগণিত	-	৪৫ টি
(খ)	জ্যামিতি	-	২৫ টি
(গ)	ত্রিকোণমিতি	-	২০ টি
	মোট :		৯০ টি

সহায়ক বই

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা কর্তৃক প্রণীত- নবম ও দশম শ্রেণির গণিত (ভোকেশনাল)।

## বাংলাদেশ ও বিশ্ব পরিচয়-১

বিষয় কোড: ১৯১৪

পিরিয়ড

১।	পূর্ব বাংলার আন্দোলন ও জাতীয়তাবাদের উত্থান (১৯৪৭-১৯৭০)	৮
১.১	বাঙালি জাতীয়তাবাদের বিকাশে ভাষা আন্দোলন	
১.২	ভাষা আন্দোলনের পটভূমি ও জাতীয়তাবাদের উন্মেষ	
১.৩	বাঙালি জাতীয়তাবাদের বিকাশে রাজনৈতিক আন্দোলনের ভূমিকা	
১.৪	সামরিক শাসন ও পরবর্তী ঘটনা প্রবাহ (১৯৫৮-১৯৭০)	
২।	স্বাধীন বাংলাদেশ	৮
২.১	মুক্তিযুদ্ধের প্রস্তুতি	
২.২	সশস্ত্র মুক্তিযুদ্ধ ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়	
২.৩	স্বাধীন বাংলাদেশের পুনর্গঠনে ও বঙ্গবন্ধুর শাসন আমল	
২.৪	সামরিক শাসন আমল (১৯৭৫-১৯৯০)	
২.৫	গণতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠা।	
৩।	বাংলাদেশের পরিবার কাঠামো ও সামাজিকীকরণ	১০
৩.১	বাংলাদেশের পরিবার কাঠামো	
৩.২	সামাজিকীকরণ প্রক্রিয়া	
৩.৩	সামাজিকরণের ধারণা	
৩.৪	সামাজিকরণের উপাদান	
৩.৫	সামাজিকীকরণ প্রক্রিয়ার বিভিন্ন প্রতিষ্ঠানের ধারণা	
৪।	সৌরজগৎ ও ভূ-মন্ডল	১০
৪.১	সৌরজগৎ	
৪.২	বিশ্বের ভিন্নস্থানের সময় নির্ণয় পদ্ধতি	
৪.৩	পৃথিবীর গতি	
৪.৪	জোয়ার ভাটা	
৫।	বাংলাদেশের ভূ-প্রকৃতি ও জলবায়ু	৬
৫.১	বাংলাদেশের ভূ-প্রকৃতি	
৫.২	বাংলাদেশের জলবায়ু	
৫.৩	প্রাকৃতিক দুর্যোগ	
৬।	বাংলাদেশের নদ-নদী ও প্রাকৃতিক সম্পদ	৮
৬.১	বাংলাদেশের নদ-নদী ও পানি সম্পদ	
৬.২	বাংলাদেশের প্রাকৃতিক সম্পদ	

বিঃ দ্রঃ বর্ষ সমাপনী পরীক্ষার নূন্যতম ২ সপ্তাহ রিভিশন ক্লাশের জন্য নির্ধারিত থাকবে।

নম্বরবন্টন

বিষয়	মোট নম্বর	ধারাবাহিক নম্বর	চূড়ান্ত নম্বর
বাংলাদেশ ও বিশ্ব পরিচয়-১	১০০	৪০	৬০

চূড়ান্ত মূল্যায়নের প্রশ্নের ধারা ও মানবন্টন

বিষয়বস্তু	প্রশ্ন সংখ্যা	উত্তর দিতে হবে	মান
পূর্ব বাংলার আন্দোলন ও জাতীয়তাবাদের উত্থান (১৯৪৭-১৯৭০), স্বাধীন বাংলাদেশ	৬টি	৫টি	৫X৫ = ২৫
বাংলাদেশের পরিবার কাঠামো ও সামাজিকীকরণ	২টি	১টি	৫X১ = ০৫
সৌরজগৎ ও ভূ-মণ্ডল	৩টি	২টি	৫X২ = ১০
বাংলাদেশের ভূ-প্রকৃতি ও জলবায়ু, বাংলাদেশের নদ-নদী ও প্রাকৃতিক সম্পদ	৬টি	৪টি	৫X৪ = ২০

সহায়ক বই

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা কর্তৃক প্রণীত বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

ক. বলবিদ্যা ও পদার্থের সাধারণ ধর্ম	পিরিয়ড
১. প্রথম অধ্যায় : ভৌত ও পরিমাপ (Physical Quantities and Measurement)	১০
১.১ স্থান ও কাল	
১.২ ভৌত রাশি	
১.৩ পরিমাপের একক	
১.৪ মাত্রা	
১.৫ পরিমাপের যন্ত্রপাতি	
১.৫.১ মিটার স্কেল	
১.৫.২ ভার্নিয়ার স্কেল	
১.৫.৩ স্লাইড ক্যালিপার্স	
১.৫.৪ স্ক্রু-গজ	
১.৫.৫ থামা ঘড়ি	
২. দ্বিতীয় অধ্যায়: গতি (Motion)	১১
২.১ স্থিতি ও গতি	
২.২ বিভিন্ন প্রকার গতি (রৈখিক গতি, ঘূর্ণন গতি, পর্যাবৃত্ত গতি)	
২.৩ স্কেলার রাশি ও ভেক্টর রাশি	
২.৪ গতি সংক্রান্ত বিভিন্ন রাশি (দূরত্ব, সরণ, দ্রুতি, বেগ, ত্বরণ ও মন্দন)	
২.৫ গতির সমীকরণ	
২.৬ পড়ন্ত বস্তুর গতি	
৩. তৃতীয় অধ্যায়: বল (Force)	১০
৩.১ নিউটনের প্রথম সূত্র	
৩.২ জড়তা	
৩.৩ বল	
৩.৪ বলের প্রকৃতি	
৩.৫ ভর বেগ	
৩.৬ গতির উপর বলের প্রভাব	
৩.৭ নিউটনের দ্বিতীয় সূত্র	
৩.৮ নিউটনের তৃতীয় সূত্র	
৩.৯ সংঘর্ষ	
৩.১০ নিরাপদ ভ্রমণ: গতি ও বল	
৩.১১ ঘর্ষণ ও ঘর্ষণ বল।	
৪. চতুর্থ অধ্যায় : কাজ, ক্ষমতা ও শক্তি (Work, Power and Energy)	১০
৪.১ কাজ	
৪.২ শক্তি	
৪.৩ শক্তির বিভিন্ন রূপ	
৪.৪ গতিশক্তি	

- ৪.৫ বিভব শক্তি
- ৪.৬ শক্তির প্রধান উৎস
- ৪.৭ শক্তির রূপান্তর
- ৪.৮ ক্ষমতা

#### খ. তাপ বিদ্যা

##### ৫. পঞ্চম অধ্যায় : পদার্থের অবস্থা ও চাপ (Pressure and States of Matter)

১০

- ৫.১ চাপ ও ক্ষেত্রফল
- ৫.২ ঘনত্ব
- ৫.৩ বায়ু মন্ডলের চাপ
- ৫.৪ স্থির তরলের মধ্যে কোনো বিন্দুতে চাপ
- ৫.৫ আর্কিমিডিসের সূত্র
- ৫.৬ প্যাসকেলের সূত্র
- ৫.৭ স্থিতিস্থাপকতা : পীড়ন ও বিকৃতি

##### ৬. ষষ্ঠ অধ্যায় : বস্তুর উপর তাপের প্রভাব (Effect of Heat on substances)

১০

- ৬.১ তাপ ও তাপমাত্রা
- ৬.২ সেলসিয়াস, ফারেনহাইট ও কেলভিন স্কেলের মধ্যে সম্পর্ক
- ৬.৩ কঠিন পদার্থের প্রসারণ।
- ৬.৪ গলন, বাষ্পীভবন ও ঘনীভবন
- ৬.৫ তাপ ধারণ ক্ষমতা
- ৬.৬ আপেক্ষিক তাপ
- ৬.৭ আপেক্ষিক তাপ ও তাপ ধারণ ক্ষমতার মধ্যে সম্পর্ক
- ৬.৮ ক্যালরিমিতির মূলনীতি

#### গ. তরঙ্গ ও শব্দ

##### ৭. সপ্তম অধ্যায় : তরঙ্গ ও শব্দ (Waves and Sound)

১১

- ৭.১ তরঙ্গ
- ৭.২ তরঙ্গের প্রকারভেদ
- ৭.৩ তরঙ্গ সংশ্লিষ্ট রাশি
- ৭.৪ কম্পাঙ্ক ও পর্যায়কালের মধ্যে সম্পর্ক
- ৭.৫ তরঙ্গ বেগ ও তরঙ্গ দৈর্ঘ্যের মধ্যে সম্পর্ক
- ৭.৬ শব্দ তরঙ্গ
- ৭.৭ প্রতিধ্বনি
- ৭.৮ প্রতিধ্বনির ব্যবহার
- ৭.৯ শব্দতরঙ্গের সীমা ও এদের ব্যবহার
- ৭.১০ শব্দ দূষণ

## ব্যবহারিক

- ১) স্লাইড ক্যালিপার্সের সাহায্যে আয়তাকার বস্তুর আয়তন নির্ণয়।  $২ \times ৩ = ৬$  ক্লাস
- ২) জু-গজের সাহায্যে তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল নির্ণয়।  $২ \times ৩ = ৬$  ক্লাস
- ৩) স্প্রিং নিজের সাহায্যে কোনো বস্তুর ওপর প্রযুক্ত বল নির্ণয়।  $২ \times ৩ = ৬$  ক্লাস
- ৪) থামা ঘড়ির সাহায্যে সিঁড়ি দিয়ে দৌড়ে উঠে শিক্ষার্থীর ক্ষমতা নির্ণয়।  $২ \times ৩ = ৬$  ক্লাস
- ৫) মাপ চোঙ ও নিজের ব্যবহার করে কঠিন বস্তুর ঘনত্ব নির্ণয়।  $২ \times ৩ = ৬$  ক্লাস
- ৬) থার্মোমিটারের সাহায্যে বরফের গলনাংক নির্ণয়।  $২ \times ৩ = ৬$  ক্লাস

বিঃ দ্রঃ বর্ষ সমাপনী পরীক্ষার পূর্বে ন্যূনতম ২ সপ্তাহ রিভিশন ক্লাসের জন্য নির্ধারিত থাকবে।

## নম্বরবন্টন

বিষয়	মোট নম্বর	তাত্ত্বিক		ব্যবহারিক	
		ধারাবাহিক মূল্যায়ন	চূড়ান্ত মূল্যায়ন	ধারাবাহিক মূল্যায়ন	চূড়ান্ত মূল্যায়ন
পদার্থ বিজ্ঞান-১	৭৫	২০	৩০	১২	১৩

## চূড়ান্ত মূল্যায়নের প্রশ্নের ধারা ও মানবন্টন

বিষয়বস্তু	প্রশ্নসংখ্যা	উত্তর দিতে হবে	মান
বলবিদ্যা ও পদার্থের সাধারণ ধর্ম	৪ টি	৩ টি	$৫ \times ৩ = ১৫$
তাপ বিদ্যা	৩ টি	২ টি	$৫ \times ২ = ১০$
শব্দ ও তরঙ্গ	২ টি	১ টি	$৫ \times ১ = ০৫$



## রসায়ন বিজ্ঞান-১

বিষয় কোড: ১৯১৬

পিরিয়ড

৬

১. রসায়নের ধারণা রসায়নের পরিচিতি, রসায়নের পরিধি, রসায়ন পাঠের গুরুত্ব, রসায়ন অনুসন্ধান ও গবেষণা প্রক্রিয়া, রসায়নের অনুসন্ধানের সময়ে রাসায়নিক দ্রব্য সংরক্ষণ ও ব্যবহারে সর্তকতামূলক ব্যবস্থা।

৮

২. পদার্থের অবস্থা পদার্থ ও পদার্থের অবস্থা, ব্যাপন, মোমের জ্বলন ও পদার্থের তিন অবস্থা, গলন ও স্ফুটন।

৮

৩. পদার্থের গঠন পরমানুর কণিকাসমূহ, পরমাণু পরিচিতি, আইসোটোপ, আপেক্ষিক পারমাণবিক ভর, তেজস্ক্রিয় আইসোটোপ ও তাদের ব্যবহার, পরমাণুর মডেল (রাদারফোর্ড পরমাণু মডেল ও বোর, পরমাণু মডেল), শক্তিস্তরে ইলেকট্রন বিন্যাস।

১৪

৪. মৌলের ধারণা ও রাসায়নিক গণনা মৌল, মৌলার আয়তন, মৌল এবং আনবিক সংকেত, মৌলের প্রতীক, যোজনী ও যোজ্যতা, যৌগমূলক, যৌগের সংকেত, যৌগে মৌলের শতকরা সংযুক্তি, শতকরা সংযুক্তি থেকে যৌগের স্থূল সংকেত নির্ণয়, শতকরা সংযুক্তি থেকে যৌগের আণবিক সংকেত নির্ণয়, রাসায়নিক বিক্রিয়া ও রাসায়নিক সমীকরণ, রাসায়নিক সমীকরণের সমতাকরণ।

১৮

৫. রাসায়নিক বিক্রিয়া পদার্থের পরিবর্তন, রাসায়নিক পরিবর্তন বা রাসায়নিক বিক্রিয়ার শ্রেণি বিভাগ, বাস্তব ক্ষেত্রে সংঘটিত কয়েকটি রাসায়নিক বিক্রিয়া।

১৮

৬. আমাদের জীবনে রসায়ন গৃহস্থালির রসায়ন, পরিষ্কার পরিচ্ছন্নতায় রসায়ন, শিল্প বর্জ্য ও পরিবেশ দূষণ।

পিরিয়ড

ব্যবহারিক

১. একটি অসমসত্ত্ব মিশ্রণ থেকে উপাদানসমূহ পৃথকীকরণ
২. তুঁতে ও কেলাস পানির শতকরা নির্ণয়
৩. জারণ-বিজারণ বিক্রিয়া পরীক্ষাকরণ
৪. এমোনিয়া গ্যাস প্রস্তুত ও এর ধর্ম পরীক্ষন।
৫. সাবান প্রস্তুত প্রণালী।

৬

৮

৬

৮

৮

নম্বর বন্টন

বিষয়	মোট নম্বর	তাত্ত্বিক		ব্যবহারিক	
		ধারাবাহিক মূল্যায়ন	চূড়ান্ত মূল্যায়ন	ধারাবাহিক মূল্যায়ন	চূড়ান্ত মূল্যায়ন
রসায়ন বিজ্ঞান-১	৭৫	২০	৩০	১২	১৩

চূড়ান্ত মূল্যায়নের প্রশ্নের ধারা ও মানবন্টন

বিষয়বস্তু	প্রশ্ন সংখ্যা	উত্তর দিতে হবে	মান
রসায়নের ধারণা, পদার্থের অবস্থা	২ টি	১ টি	৫X ১= ০৫
পদার্থের গঠন	২ টি	১ টি	৫X ১= ০৫
মৌলের ধারণা ও রাসায়নিক গণনা	৩ টি	২ টি	৫X ২= ১০
রাসায়নিক বিক্রিয়া	২ টি	১ টি	৫X ১= ০৫
আমাদের জীবনে রসায়ন	২ টি	১ টি	৫X ১= ০৫

## কম্পিউটার এ্যাপ্লিকেশন-১

বিষয় কোড: ১৯১৭

বিষয়বস্তু (ব্যবহারিক)	ক্লাস
<b>১. কম্পিউটার সিস্টেমের পরিচিতি ও ব্যবহার</b>	<b>০১</b>
১.১ আধুনিক কম্পিউটার সিস্টেমের প্রত্যেকটি ইউনিট চিহ্নিত উল্লেখ করতে পারবে।	
১.২ মাইক্রোকম্পিউটারের প্রত্যেক ইউনিটের মধ্যে সংযোগ স্থাপন করতে পারবে।	
১.৩ পিসি চালু করা, বন্ধ করা ও পুণঃ চালু করতে পারবে।	
১.৪ পিসি চালু ও বন্ধ প্রক্রিয়ার বিভিন্ন ধাপ সমূহের অনুশীলন করতে পারবে।	
<b>২. কম্পিউটার সিস্টেমের সাথে I/O ডিভাইসের সংযোগ সাধন ও ব্যবহার কৌশল</b>	<b>০১</b>
২.১ কী-বোর্ডের কী-পরিচিতি ও ব্যবহার উল্লেখ করতে পারবে।	
২.২ মাউসের পরিচিতি ও ব্যবহার উল্লেখ করতে পারবে।	
২.৩ মনিটরের বাহ্যিক কন্ট্রোলগুলোর পরিচিতি ও ব্যবহার উল্লেখ করতে পারবে।	
২.৪ সিস্টেম ইউনিটের সামনের ও পিছনের প্যানেলের বিভিন্ন টার্মিনাল, সকেট, পোর্ট ও এ্যাকসেস ইনডিকেটরগুলো চিহ্নিত করা ও সংযোগ প্রদান করতে পারবে।	
<b>৩. অপারেটিং সিস্টেমের এনভায়রনমেন্ট সম্পর্কে পরিচিতি ও ব্যবহার</b>	<b>০২</b>
৩.১ উইন্ডোজ ও ডস অপারেটিং সিস্টেমের পরিচিতি লাভ করতে পারবে।	
৩.২ উইন্ডোজ ও ডস স্ক্রীনের বিভিন্ন অংশ বা আইকন চিহ্নিতকরণ ও ব্যবহার উল্লেখ করতে পারবে।	
৩.৩ উইন্ডোজ টাস্কবার, স্ট্রাট মেনু ও ডেস্কটপ আইকনের ব্যবহার উল্লেখ করতে পারবে।	
৩.৪ মাউসের সাহায্যে উইন্ডোর সাইজ পরিবর্তন করতে পারবে।	
৩.৫ ম্যাক্সিমাইজ, মিনিমাইজ এবং ক্লোজ বার্টনে ক্লিক করে উইন্ডো পরিবর্তন খাতায় লিপিবদ্ধ করতে পারবে।	
৩.৬ নিয়ম অনুসারে কম্পিউটার বন্ধ করতে পারবে।	
<b>৪. ফোল্ডার, ফাইল কপি করা ও মুছার দক্ষতা অর্জন করবে।</b>	<b>০১</b>
৪.১ কপি, কাট এবং পেস্ট পদ্ধতিতে এক ফোল্ডার থেকে অন্য ফোল্ডারে উপাত্ত কপি এবং মুছ করতে পারবে।	
৪.২ ফোল্ডারের ভিতরে কপি করতে ও মুছতে পারবে।	
৪.৩ তৈরি করা ফোল্ডার মুছতে পারবে।	
৪.৪ মুছে ফেলা ফাইল ও ফোল্ডার পুনরুদ্ধার করতে পারবে।	
৪.৫ রিসাইকেল বিন থেকে ফাইল ও ফোল্ডার চিরতরে মুছে ফেলতে পারবে।	
<b>৫. কিবোর্ড ও মাউসের ব্যবহারের দক্ষতা অর্জন করবে।</b>	<b>০১</b>
৫.১ কি বোর্ডের বিভিন্ন ধরনের কি (Key) সমূহ চিহ্নিত করবে।	
৫.২ কি বোর্ডের প্রত্যেকটি কি (Key) এর ব্যবহার দক্ষতা করবে।	
৫.৩ বিভিন্ন ধরনের মাউস চিহ্নিত করতে পারবে।	
৫.৪ মাউস এর ব্যবহারে দক্ষতা অর্জন করতে পারবে।	
৫.৫	
<b>৬. ওয়ার্ড প্রসেসিং প্যাকেজের এনভায়রনমেন্ট সম্পর্কে পরিচিতি লাভ করবে।</b>	<b>০১</b>
৬.১ টাইটেল বার, মেনুবার ও টুলবার চিহ্নিত করতে পারবে।	
৬.২ স্ক্রলবার, রোলার ও স্ট্যাটাসবার এর ব্যবহার চিহ্নিত করতে পারবে।	
৬.৩ টুলবারের টুলগুলোর নাম উল্লেখ করতে পারবে।	

- ৭ মেনুবার ও টুলবারের ব্যবহার সম্পর্কে দক্ষতা অর্জন করতে পারবে। ০২
- ৭.১ স্ট্যাভার্ড টুলবার এবং ফরমেটিং টুলবার ব্যবহারের দক্ষতা অর্জন করবে।
  - ৭.২ এডিট ক্রীণ বিভিন্ন পর্যায়ে (যেমন ফুল ক্রীণ, নরমাল ক্রীণ, পেজ লে আউট ইত্যাদি) ব্যবহার প্রদর্শন করতে পারবে।
  - ৭.৩ স্ট্যাভার্ড টুলবার, ফরমেটিং টুলবার, ড্রইং টুলবার এবং অন্যান্য টুলবার অফ এবং অন করতে পারবে।
  - ৭.৪ কাট, কপি এবং পেস্ট পদ্ধতিতে ব্লক কপি এবং মুভ করতে পারবে।
  - ৭.৫ ড্রাগ ও ড্রপ পদ্ধতিতে ব্লক কপি এবং মুভ করতে পারবে।
  - ৭.৬ রুলার অফ এবং অন করতে পারবে।
  - ৭.৭ ভার্টিক্যাল স্ক্রলবার ব্যবহার করে ডকুমেন্টের বামে/ডানে যেতে পারবে।
